তারিখ 29 AUG 1989
পৃষ্ঠা ২ কলাম ৭

দৈনিক খবর

# রাজশাহী মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা

।।স্টাফ রিপোর্টার।।

ক্যাম্পাসে বিশেষ পরিস্থিতির উদ্ভব হওয়ায় গতকাল সোমবার অনির্দিষ্টকালের জন্য রাজশাহী মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের হোস্টেল ত্যাগের-নির্দেশ দেয়া হয়েছে।

রাজশাহী মেডিকেল কলেজ ক্যাম্পাসে কি পরিস্থিতির উদ্ভব হয়েছে–এ তথ্য জানা না গেলেও গতকাল রাতে রাজশাহী থেকে প্রাপ্ত এক খবরে কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে বলে জানা গেছে।

ঐ খবরে জানা গেছে, উদ্ভূত

শেষ পৃষ্ঠায় ২য় কলাম

## রাজশাহী মেডিকেল

পরিস্থিতির জন্য রাজশাহী মেডিকেল কলেজ একাডেমিক কাউন্সিলের এক সভায় এ বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। কলেজের অধ্যক্ষ এ কে সামসুদ্দীন সিদ্দিকী এ সভায় সভাপতিত্ব করেন। সভার সিদ্ধান্ত অনুসারে গতকাল সন্ধ্যার মধ্যেই কলেজের হোস্টেলগুলো থেকে ছাত্রদের চলে যেতে বলা হয়েছে এবং ছাত্রীদের আজ সকাল ৭টার মধ্যে হোস্টেল ত্যাগ করার কথা বলা হয়েছে।